# জনতা ব্যাংক লিমিটেড
## হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
## প্রধান কার্যালয়, ঢাকা।

# নিয়োগ বিজ্ঞপ্তি

রাষ্ট্রীয় মালিকানাধীন বানিজ্যিক ব্যাংক জনতা ব্যাংক লিমিটেড এ ব্যাংকিং ক্যারিয়ার গঠন ও গ্রাহকদের উন্নততর সেবা নিশ্চিতকরনের লক্ষ্যে মেধাবী, উদ্যোমী, কর্মঠ ও আগ্রহী বাংলাদেশী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে প্যানেল প্রস্তুতের জন্য নিম্নোক্ত শর্তাধীনে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| এক্সিকিউটিভ অফিসার-প্রকৌশলী (সিভিল) ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০× ১১-২০,৩৭০ এবং নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি। | ২৮টি | ২১ থেকে ৩০ বছর (মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটায় সর্বোচ্চ ৩২ বছর) | **যোগ্যতা ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বছরের স্নাতক (সম্মান) এবং একাডেমিক পরীক্ষার যে কোন দুইটিতে প্রথম বিভাগ বা শ্রেণী (সমমানের জিপিএ/সিজিপিএ)। কোন তৃতীয় বিভাগ/শ্রেণী (সমমানের জিপিএ/সিজিপিএ) গ্রহণযোগ্য নয়। **অভিজ্ঞতা ঃ** কম্পিউটার লিটারেসী আবশ্যক। |
| এক্সিকিউটিভ অফিসার- প্রকৌশলী (মেকানিক্যাল) ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০× ১১-২০,৩৭০এবং নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি। | ৭টি | | |
| এক্সিকিউটিভ অফিসার-প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০×১১-২০,৩৭০ এবং নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি। | ৩টি | | |
| এক্সিকিউটিভ অফিসার- প্রকৌশলী (টেক্সটাইল) ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০× ১১-২০,৩৭০ এবং নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি। | ১টি | | |
| এক্সিকিউটিভ অফিসার-আর্কিটেক্ট ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০× ১১-২০,৩৭০ এবং নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি। | ২টি | ২১ থেকে ৩০ বছর (মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটায় সর্বোচ্চ ৩২ বছর) | **যোগ্যতা ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আর্কিটেকচার-এ ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বছরের স্নাতক (সম্মান) এবং একাডেমিক পরীক্ষার যে কোন দুইটিতে প্রথম বিভাগ বা শ্রেণী (সমমানের জিপিএ/সিজিপিএ)।কোন তৃতীয় বিভাগ/শ্রেণী (সমমানের জিপিএ/সিজিপিএ) গ্রহণযোগ্য নয়। **অভিজ্ঞতা ঃ** কম্পিউটার লিটারেসী আবশ্যক। |

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রনালয়ের ০২ জুন, ২০০৯ ও ০২ মার্চ, ২০১০ ইং তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং-শিম/শাঃ-১১/৫-১ (অংশ)/৫৮২ ও শিম/শাঃ-১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত নিম্নোক্ত জিপিএ, ক্ষেত্রমত সিজিপিএ এর বিপরীতে ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবে ঃ

| এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে- | | অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক সিজিপিএ এর ক্ষেত্রে- | | |
|---|---|---|---|---|
| | | অর্জিত পয়েন্ট | | সমতুল্য শ্রেণী/বিভাগ |
| | | ৪.০০ পয়েন্ট স্কেল | ৫.০০ পয়েন্ট স্কেল | |
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ | প্রথম বিভাগ | ৩.০০ বা তদূর্ধ | ৩.৭৫ বা তদূর্ধ | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ | ২.২৫ বা তদূর্ধ কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ | ১.৬৫ বা তদূর্ধ কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় বিভাগ |

## শর্তাবলী ঃ

| | |
|---|---|
| ০১. | আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩০-০৯-২০১৫ তারিখের মধ্যে জনতা ব্যাংক লিমিটেড এর ওয়েবসাইট www.janatabank-bd.com এর মাধ্যমে অথবা সরাসরি চাকুরী সংক্রান্ত ওয়েবসাইট career.janatabank-bd.com-এ CV/ Resume Registration করতঃ আবেদন করতে হবে। উক্ত ওয়েবসাইট-এ চাকুরীর আবেদনের নিয়মাবলী ও অন্যান্য শর্তসহ পরীক্ষা অনুষ্ঠানের তথ্য পাওয়া যাবে। |
| ০২. | Registration ID নম্বর দিয়ে সংশ্লিষ্ট পদে Online এ Apply করে Tracking ID সংগ্রহ করতে হবে যা পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাজে প্রয়োজন হবে। ইতোপূর্বে যাদের চাকুরী সংক্রান্ত ওয়েবসাইট-এ CV/Resume Registration ID আছে তারা উক্ত Registration ID দ্বারা আবেদন করতে পারবেন। |
| ০৩. | আবেদনকারীগনকে ৩০-০৯-২০১৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করার পর Print or Download মেন্যু হতে 'Auto Generated `Pay in Slip' প্রিন্ট করে ০৪-১০-২০১৫ তারিখের মধ্যে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখায় আবেদনপত্র প্রক্রিয়াকরন ফি বাবদ ৩০০/- টাকা, কমিশন ২০/- টাকা ও ভ্যাট ৩/-টাকাসহ অফেরতযোগ্য মোট ৩২৩/- (তিনশত তেইশ) টাকা নগদ জমা দিতে হবে। |
| ০৪. | ০১-০৯-২০১৫ তারিখ মোতাবেক বয়স গণনা করতে হবে। |
| ০৫. | প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র দাখিল করতে হবে না। এমসিকিউ ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগন আবেদনপত্রের হার্ডকপি Print করে আবেদনে উল্লেখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় সনদপত্র ও কাগজপত্রাদির সত্যায়িত কপি, ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙীন ছবি সংযুক্ত করে **'ডেপুটি জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০'** এর বরাবরে প্রেরণ করার জন্য আহ্বান করা হবে। সনদপত্র ও অন্যান্য কাগজপত্রাদি প্রাথমিকভাবে সঠিকতা যাচাই পূর্বক উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। |
| ০৬. | চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এমসিকিউ ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে **০৫ নং** ক্রমিকে বর্ণিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়িত করে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। |
| ০৭. | প্রার্থীদের প্রতিযোগিতামূলক লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। প্রার্থীদের এমসিকিউ ও লিখিত পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে। তবে পরীক্ষায় অংশগ্রহনকারীদেরকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। |
| ০৮. | 'O' Level ও 'A' Level এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে সমমানের ডিগ্রী/ ফলাফল/গ্রেডিং এর সার্টিফিকেট (Equivalent Certificate) দাখিল করতে হবে । |
| ০৯. | কোন পরীক্ষার Appeard সার্টিফিকেট গ্রহনযোগ্য হবে না। |
| ১০. | ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে। জনতা ব্যাংক লিমিটেড কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে প্রয়োজনবোধে যে কোন আবেদনপত্র বাতিলসহ নিয়োগের শর্তাবলী বা কার্যক্রম/প্রক্রিয়া সংশোধন বা সম্পূর্ণ বাতিলের অধিকার সংরক্ষণ করে। |

***** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে রেজিষ্ট্রেশন করে আবেদন সম্পন্ন করার পরামর্শ দেয়া যাচ্ছে।***

মোঃ সাজেদুর রহমান
ডেপুটি জেনারেল ম্যানেজার